

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫০

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২৫. যখন দু' ঈদ (তথা ঈদ ও জুমু'আ) একই দিনে একত্রিত হয়

بَابِ إِذَا اجْتَمَعَ عِيدَانِ فِي يَوْمٍ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ عُثْمَانَ بْنِ الْمُغِيرَةِ عَنْ إِيَاسِ بْنِ أَبِي رَمْلَةَ قَالَ شَهِدْتُ مُعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِيدَيْنِ الْحُتَمَعَا فِي يَوْمٍ قَالَ نَعَمْ قَالَ فَكَيْفَ صَنَعَ قَالَ صَلَّى الْعِيدَ ثُمَّ رَخَّصَ فِي الْجُمُعَةِ فَقَالَ مَنْ شَاءَ أَنْ يُصَلِّي فَلْيُصلِ

বাংলা

১৬৫০. ইয়াস ইবনু আবী রামলা হতে বর্ণিত, তিনি বলেন, আমি মুয়াবিয়া রাদ্বিয়াল্লান্থ আনন্থ'র নিকট উপস্থিত ছিলাম। তিনি যাইদ ইবনু আরক্কাম রাদ্বিয়াল্লান্থ আনন্থকে জিজ্ঞাসা করলেন, আপনি কি এমন দিনে নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের সাথে উপস্থিত ছিলেন যেদিন একই দিনে দু'ঈদ (অর্থাৎ ঈদ ও জুম'আ) একত্রিত হয়েছিল? তিনি বললেন, হাঁ। তখন তিনি পুনরায় জিজ্ঞাসা করলেন, সেদিন তিনি কী করেছিলেন? তিনি বলেন, তিনি ঈদের সালাত আদায় করেছিলেন এবং জুম'আর ব্যাপারে ছাড় দিয়েছিলেন। সে সময় তিনি বলেছিলেন: "যে (জুমু'আর) সালাত আদায় করতে চায়, সে আদায় করুক, (যে না চায়, সে না করুক)।" [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ (উত্তম)।

তাখরীজ: আল ফাসাওয়ী, আল মা'রিফাতু ওয়াত তারীখ ১/৩০৩; তার সূত্রে বাইহাকী, সালাতুল ঈদাইন ৩/৩১৭; তায়ালিসী, মানিহাতুল মা'বৃদ ১/১৪৫-১৪৬ নং ৭০৪; তার সূত্রে তাহাবী, মুশকিলিল আছার ২/৫৩; আহমাদ ৪/৩৭২; ইবনু আবী শাইবা ২/১৮৮; আবূ দাউদ, সালাত ১০৭০; নাসাঈ, সালাতুল ঈদাইন ৩/১৯৪; ইবনু মাজাহ, ইকামাতিস সালাত ১৩১০; হাকিম, আল মুসতাদরাক ১/২৮৮; হাকিম বলেন: এ হাদীসের সনদ সহীহ যদিও তা তারা উভয়ে বর্ণনা করেননি।' যাহাবী তার মত সমর্থন করেছেন।



আমরা বলছি: এর অনেকগুলি শাহিদ হাদীস রয়েছে, যা এক শক্তিশালী ও সহীহ পর্যায়ে উন্নীত করবে। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন